

## আইসিটি শিক্ষা থেকে বঞ্চিত আঠারো শিক্ষা প্রতিষ্ঠানের হাজারো শিক্ষার্থী

■ পূর্বঘোড়া (নেত্রকোণা) সংবাদদাতা

পূর্বঘোড়ায় মাধ্যমিক স্তরের ১৮টি শিক্ষা প্রতিষ্ঠানে মান্টিমিডিয়া প্রজেক্টর সরবরাহ ও বিদ্যুৎ সংযোগ না থাকায় আইসিটি শিক্ষার সুবিধা থেকে বঞ্চিত হচ্ছে হাজার হাজার শিক্ষার্থী। ফলে এসব প্রতিষ্ঠান অন্যান্য প্রতিষ্ঠান থেকে দিনদিন পিছিয়ে পড়ছে। জানা গেছে, বর্তমানে মাধ্যমিক স্তরে ৬ষ্ঠ শ্রেণি থেকে ৯ম শ্রেণি পর্যন্ত তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নামে একটি রই পাঠ্যসূচিতে আর্ন্তিক করা হয়েছে। এতে অধিকাংশ প্রতিষ্ঠানে কম্পিউটার বিষয়ে শিক্ষক নিয়োগ দেয়া হয়েছে।

শিক্ষার্থীদের বাস্তবমুখী শিক্ষা প্রদানের ইচ্ছায় শিক্ষাব্যবস্থাকে ডিজিটালাইজড করার জন্য শিক্ষা প্রতিষ্ঠানে ল্যাপটপ, মান্টিমিডিয়া প্রজেক্টর, ইন্টারনেট সংযোগের সরঞ্জাম সরবরাহ করা হচ্ছে। পাশাপাশি এগুলো চালানোর জন্য প্রত্যেক প্রতিষ্ঠানে ৩-৫ জন শিক্ষককে সরকারি উদ্যোগে প্রশিক্ষণ দেয়া হচ্ছে। কিন্তু উপজেলার ১৮টি শিক্ষা প্রতিষ্ঠানে মান্টিমিডিয়া প্রজেক্টর সরবরাহ ও বিদ্যুৎ সংযোগ না থাকায় প্রজেক্টরভিত্তিক আইসিটি শিক্ষার সুবিধা থেকে বঞ্চিত হচ্ছে হাজার হাজার শিক্ষার্থী।

উপজেলা পাটরা দামপাড়া উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক আবুল কাশেম জানান, বিদ্যুৎ সংযোগ না থাকায় তাদের বিদ্যালয়ে আইসিটি (কম্পিউটার) বিষয়ক শিক্ষক নিয়োগ দেয়া যায়নি। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মো. শফিকুল বারী জানান, বিদ্যুৎ সংযোগ না থাকায় প্রতিষ্ঠানগুলোকে আইসিটির আওতায় আনা সম্ভব হচ্ছে না। তবে ওইসব প্রতিষ্ঠানে সৌর বিদ্যুৎকে বিকল্প পদ্ধতি হিসেবে নেয়ার জন্য প্রতিষ্ঠান প্রধানদের পরামর্শ দেয়া হচ্ছে।